

# মুগ্ধিয়

## দোকানকর্মীর টাকা ছিনতাই, ঢাবি ছাত্রলীগের দুই নেতা গ্রেফতার

👤 ঢাবি প্রতিনিধি

⌚ ১১ মে ২০২৩, ২২:২৫:২১ | [অনলাইন সংস্করণ](#)



মোটরসাইকেল কিনতে আসা এক দোকানকর্মীর কাছ থেকে ১০ হাজার টাকা ছিনতাইয়ের অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ছাত্রলীগের দুই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ।

রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানের প্লাস টাওয়ারের পাশে বুধবার সন্ধিয়ায় এ ছিনতাইয়ের ঘটনা ঘটে। অভিযোগ দায়েরের পর ওইদিন রাত সাড়ে ৮টায় শাহবাগ জাতীয় জাদুঘরের সামনে থেকে তাদের আটক করা হয়। পরে তাদের গ্রেফতার দেখানো হয়।

গ্রেফতার ব্যক্তিরা হলেন- বিশ্ববিদ্যালয়ের পপুলেশন সায়েন্স বিভাগের শিক্ষার্থী নূর উদ্দীন আহমেদ এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী আবদুল্লাহ আল মুনতাসীর। তারা দুজনই ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। নূর উদ্দীন কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক এবং আবদুল্লাহ আল মুনতাসীর শহিদ সার্জেন্ট জগ্রুল হক হল ছাত্রলীগের সহসভাপতি। তারা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের অনুসারী।

ভুক্তভোগী তার লিখিত অভিযোগে বলেন, আমি আমার পরিচিত একজনের কাছ থেকে মোটরসাইকেল কিনতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে আসি। তিনি আমাকে সঙ্গে করে ১৫ হাজার টাকা নিয়ে আসতে বলেন। তবে মোটরসাইকেল নিয়ে তাদের আসতে দেরি হওয়ায় আমি সোহরাওয়ার্দী উদ্যানে ঘূরতে যাই। সন্ধ্যা সাড়ে ৬টার দিকে সোহরাওয়ার্দী উদ্যানে প্লাস টাওয়ারের পশ্চিম পাশে দুই শিক্ষার্থী ও তাদের একজন সহযোগী আমাকে ঘিরে ধরে। তারা আমার প্যান্টের পেছনের ডান পকেটে রাখা মানিব্যাগ থেকে ১৫ হাজার টাকা ছিনিয়ে নেয়। এ সময় মুনতাসির তার মোবাইল ফোন দিয়ে আমার ছবি তোলে এবং আমার বাবার মোবাইল নম্বর নিয়ে তাকে ফোন করে।

অভিযোগে ভুক্তভোগী লেখেন, আমি ৯৯৯ নম্বরে ফোন করে ঘটনা জানালে তাৎক্ষণিক শাহবাগ থানার এসআই মো. জাহাঙ্গীর হোসেন আমার কাছে হাজির হন। আমি তাদের ঘটনা খুলে বলি।

শাহবাগ থানার এসআই জাহাঙ্গীর হোসেন বলেন, আসামিরা ভুক্তভোগীর বাবার নম্বরে ফোন দেওয়াটাই তাদের জন্য কাল হয়েছে। এর মাধ্যমে সেই আসামির নম্বর সংগ্রহ করে তাদের আরও টাকার লোভ দেখিয়ে জাদুঘরের সামনে আসতে বলা হয়। তারা দুজন আরও টাকা নেওয়ার জন্য রাত সাড়ে ৮টার দিকে এলে আমরা তাদের আটক করি। এরপর ভুক্তভোগী তাদের শনাক্ত করেন। পরে আমরা তাদের জিজ্ঞাসাবাদ করলে তারা ঘটনায় জড়িত থাকার কথা স্বীকার করে।

সম্পাদক : সাঈফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023